



স্মারক নং-সিভাসু/ছা: ক:/অ:যো:-২/২০২৩/৭০০

তারিখ: ২১/০৫/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ে পরিচালক (ছাত্রকল্যাণ দপ্তর), সিভাসু'র মেডিকেল সেন্টার এবং ইনসেস্টা ফার্মাসিউটিক্যালস লিমিটেড-এর যৌথ উদ্যোগে 'হেপাটাইটিস-বি ক্যাম্পেইন-২০২৫' পরিচালিত হবে। উক্ত ক্যাম্পেইনে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের আগামী ২২/০৫/২০২৫ থেকে ২৪/০৬/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সিভাসু মেডিকেল সেন্টারে নিধারিত ফরমে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে। নিবন্ধিত শিক্ষার্থীদের টিকা প্রদানের জন্য নিধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী টিকা প্রদান করা হবে।

| টিকা প্রদানের সময় ও মূল্য তালিকা | | | |
|-----------------------------------|------------|---------------------------------|--------------|
| ডোজ | তারিখ | সময় | মূল্য তালিকা |
| HBsAg Screening Test | ৩০/০৬/২০২৫ | (সকাল ০৯.০০টা - দুপুর ০২.০০ টা) | ৮০/- |
| | ০১/০৭/২০২৫ | | |
| ১ম ডোজ | ০৩/০৭/২০২৫ | (সকাল ১০.০০টা - বিকাল ০৫.০০টা) | ৪৬৫/- |
| ২য় ডোজ | ০৩/০৮/২০২৫ | " | ৪৬৫/- |
| ৩য় ডোজ | ০৩/০৯/২০২৫ | " | ৪৬৫/- |
| বুস্টার ডোজ | ০৩/০৭/২০২৬ | " | ৪৬৫/- |

ভ্যাকসিনেশন-এর নিয়মাবলী:

- ১। ভ্যাকসিনেশন-এর পূর্বে Screening Test করা বাধ্যতামূলক। যে সমস্ত শিক্ষার্থীর Screening Test-এর রিপোর্ট negative আসবে শুধুমাত্র সে সমস্ত শিক্ষার্থী ভ্যাকসিনেশন এর জন্য বিবেচিত হবে।
- ২। টিকার নিধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে উপরোক্ত তালিকা ও সময়সূচি অনুযায়ী ধারাবাহিকভাবে শিক্ষার্থীদের টিকা প্রদান করা হবে।
- ৩। টিকার কার্যকারিতার জন্য অবশ্যই তিনটি ধারাবাহিক ডোজ ও বুস্টার ডোজ গ্রহণ করতে হবে অন্যথায় টিকা কার্যকর হবে না।
- ৪। শিক্ষার্থীদের 'ভ্যাকসিনেশন রেকর্ড কার্ড' সংরক্ষণ করা বাধ্যতামূলক।

(ডা. মোহাম্মদ রিয়াদ)

সিনিয়র মেডিকেল অফিসার

মেডিকেল সেন্টার, সিভাসু

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম।

(অধ্যাপক ড. মোহাম্মদ রাশেদুল আলম)

পরিচালক

ছাত্রকল্যাণ দপ্তর

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১-৪। ডিন, ভেটেরিনারি মেডিসিন অনুষদ/ফুড সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদ/
ফিশারিজ অনুষদ/বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ, সিভাসু।
- ৫-৬। প্রভোস্ট, বিজয় ২০২৪ হল/বীর মুক্তিযোদ্ধা আবদুল্লাহ আল নোমান হল, সিভাসু।
- ৭। প্রক্টর, সিভাসু।
- ৮। পরিচালক (আইসিটি সেল, ওয়েবসাইটে প্রচারের জন্য)
- ৯। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, সিভাসু।
- ১০। নোটিশ বোর্ড, সিভাসু।
- ১১। অফিস কপি।